


হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-১৪ ঃ মেহেরপুর-সোমবার ২৭ অক্টোবর ২০২৫ ইং ঃ ১১ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ৪ জমা ,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com


পলিটিক্সের শিকার ‘স্বপ্নের ঠিকানা’র নায়িকা সোনিয়া? -পৃষ্ঠা-৩

## চুক্তিতে নিয়োগ পাওয়া বিতর্কিত সচিবদের নজিরবিহীন বদলি

নিজস্ব প্রতিবেদক

চুক্তিভিত্তিক নিয়োগ পাওয়া বিতর্কিত কয়েকজন সচিবকে এক দপ্তর থেকে অন্য দপ্তরে বদলির ঘটনায় প্রশাসনে বিতর্ক তৈরি হয়েছে। অন্তর্বর্তী সরকারের এ পদক্ষেপ নজিরবিহীন ও বিতর্কিত বলে মনে করছেন বিশ্লেষকরা। যাদের বার বার বদলি করা হচ্ছে তারা নিজের কাজে ব্যর্থতার পরিচয় দিয়েছেন বলে সমালোচনা আছে।

সাধারণত কোনো কর্মকর্তার কর্মক্ষমতা ও দক্ষতা বিবেচনায় তাকে চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া হয়। চুক্তির মেয়াদ শেষ হলে বা বাতিল হলে সংশ্লিষ্ট কর্মকর্তাকে পদ ছাড়তে হয়। কিন্তু অন্তর্বর্তী সরকার চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত কয়েকজন বিতর্কিত সচিবকে বার বার অন্য দপ্তরে বদলি করছে, যা নিয়ে প্রশ্ন উঠেছে।

২০২৪ সালের ২৮ আগস্ট জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরীকে সরিয়ে মো. মোখলেস উর রহমানকে দুই বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ দেয় অন্তর্বর্তী সরকার। তিনি এ পদে

২-এর পৃষ্ঠা দেখুন

# মেহেরপুরে ক্লিনিক ব্যবসার মরণ ফাঁদ

## দালালচক্রের খপ্পরে কল্পনা







**মেহেরপুর জেনারেল হাসপাতাল ঘিরে সক্রিয় রয়েছে শতাধিক নারী-পুরুষ দালাল। হাসপাতালের ইমার্জেন্সি ও আউটডোরে তাদের দৌরাত্ম্য সর্বত্র।**

নিজস্ব প্রতিবেদক

কল্পনা বেগম একজন গৃহিণী। থাকেন মেহেরপুর শহরের বড়বাজার এলাকায়। স্বামীর অমতে সন্তান গ্রহণ করায় সংসারে নেমে আসে অশান্তি। ফাটল ধরে দাম্পত্য সম্পর্কে। ভুল বুঝতে পেরেও স্বামীর মন গলাতে ব্যর্থ হয়ে তিন মাসের সন্তানটি ফেলে দেওয়ার কঠিন সিদ্ধান্ত নেন কল্পনা। সেই সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য খুব কাছের এক আত্মীয়াকে সঙ্গে নিয়ে তিনি আসেন মেহেরপুর জেনারেল হাসপাতালে। কিন্তু সেখানে পৌঁছেই তিনি দালালচক্রের ফাঁদে পড়েন। হাসপাতালের ভেতরেই এক নারী দালাল এগিয়ে এসে তাকে পাশে থাকা একটি ক্লিনিকে যাওয়ার পরামর্শ দেন। পথেই ঠিক হয় টাকার হিসাব ২০ হাজার টাকা। কিন্তু সেই টাকার অর্ধেকই কমিশন হিসেবে পায় ওই দালাল। অপারেশনের নামে কল্পনাকে ঘণ্টার পর ঘণ্টা বসিয়ে রাখে ক্লিনিক কর্তৃপক্ষ। পরে এক তথাকথিত ডাক্তার তার গর্ভপাতের অপারেশন করেন। এতে রক্তক্ষরণে তিনি প্রায় মৃত্যুর মুখে পড়েন। কষ্টে ক্লিনিক ত্যাগ করার সময় তার মনে হচ্ছিল এ যেন চিকিৎসার নয়, এক মরণফাঁদ। এমন গল্প কেবল কল্পনার নয়। মেহেরপুর জেনারেল হাসপাতাল ঘিরে সক্রিয় রয়েছে শতাধিক নারী-পুরুষ দালাল। হাসপাতালের ইমার্জেন্সি ও আউটডোরে তাদের দৌরাত্ম্য সর্বত্র। তারা রোগীদের নানা প্রলোভন দেখিয়ে বেসরকারি ক্লিনিকে নিয়ে যায় এবং কমিশন খেয়ে মোটা অঙ্কের টাকা হাতিয়ে নেয়। সাম্প্রতিক সময়ে ডা. তাহের ক্লিনিক, রমেশ ক্লিনিক, জনতা ক্লিনিক অ্যান্ড ডায়াগনস্টিক সেন্টার, মাক্রোপ্যাথ ল্যাবসহ একাধিক প্রতিষ্ঠানে গিয়ে দেখা গেছে চরম অনিয়ম ও অব্যবস্থা। কোথাও ওয়ার্ডবয় বা ওটি সহকারীরা ডাক্তার সেজে অপারেশন করছে, কোথাও অদক্ষ টেকনিশিয়ান দিয়ে চলছে পরীক্ষা-নিরীক্ষা। রমেশ ক্লিনিকের মালিক ডা. রমেশ মারা যাওয়ার পর ক্লিনিকটির নিয়ন্ত্রণ এখন সহিদুল ইসলামের হাতে।

২-এর পৃষ্ঠা দেখুন



# শীতকালীন সবজি চাষে মুখর মেহেরপুরের মাঠ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে শীতের আগমনী বার্তা ইতিমধ্যেই মাঠে হাজির। হেমন্তের শেষ ও উত্তরের শীতল বায়ুর কারণে ভোরে জমিতে শিশির দেখা যায়। জেলার কৃষকেরা হরেক রকম শীতকালীন সবজি চাষে ব্যস্ত; ফুলকপি, বাধাকপি, মুলা, গাজর, লাউ, সিম, করলা, টমেটোসহ নানান আগাম জাতের সবজি এখন মাঠে চোখে পড়ার মতো। সাহারবাটি এলাকার চাষি হাফিজুর রহমান জানান, তিনি ১৫ বিঘা জমিতে আগাম জাতের ফুলকপি ও বাধাকপি চাষ করেছেন। তিনি বলেন, “আগাম জাতের সবজি হওয়ায় বাজারে দাম ভালো পাওয়া যাচ্ছে। প্রতি কেজি ফুলকপি ১২০ টাকা ও বাধাকপি ৬০ টাকায় বিক্রি হচ্ছে। খরচের তুলনায় লাভ ভালো হবে।” একই এলাকার লাউ চাষি সেলিম রেজা জানান, এক বিঘা জমিতে লাগানো লাউ প্রতিদিন চারশ পিস

২-এর পৃষ্ঠা দেখুন



## নবজাতকের মায়ের হাতে উপহার

নিজস্ব প্রতিবেদক

স্বাভাবিক প্রসবকে উৎসাহিত করতে মেহেরপুর জেলা প্রশাসনের পক্ষ থেকে অনন্য উদ্যোগ নেওয়া হয়েছে। এর অংশ হিসেবে নরমাল ডেলিভারির মাধ্যমে জন্ম নেওয়া নবজাতকের মায়ের হাতে উপহার তুলে দিয়েছেন সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মো.

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে সড়ক দুর্ঘটনা নারী নিহত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে চলন্ত পিকআপের ধাক্কায় শহিদা খাতুন নামে একজন নিহত হয়েছেন। তিনি সদর উপজেলার উজুলপুর গ্রামের আব্দুল গনির স্ত্রী।

রোববার (২৬ অক্টোবর২০২৫) দুপুরে মেহেরপুর-কাথুলি সড়কের উজুলপুর বটতলা নামক স্থানে রাস্তা পার হওয়ার সময় এই দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, শাহিদা খাতুন মাঠে স্বামীকে খাবার দিয়ে বাড়ি ফিরছিলেন। বটতলা নামক স্থানে রাস্তা পার হওয়ার সময় দ্রুতগতির একটি পিকআপ তাকে ধাক্কা দেয়। রাস্তার ওপর পড়ে

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে ভ্রাম্যমাণ আদালতের অভিযান দুটি প্রতিষ্ঠানকে ৩৫ হাজার টাকা জরিমানা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াবাড়িয়া গ্রামে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে দুটি প্রতিষ্ঠানকে মোট ৩৫ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। গতকাল রবিবার (২৬ অক্টোবর ২০২৫) দুপুরে অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান এর নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়।

২-এর পৃষ্ঠা দেখুন

## মোটরসাইকেল আরোহী নিহত

নিজস্ব প্রতিবেদক.চুয়াডাঙ্গা

ছাগলের সঙ্গে সংঘর্ষে মোটরসাইকেল আরোহী জীবন আহমেদ (১৮) নিহত হয়েছেন।গতকাল রবিবার (২৬ অক্টোবর) দুপুর আনুমানিক ২টার দিকে ছয়ঘড়িয়া প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন মাল্টা বাগানের পাশে দুর্ঘটনাটি ঘটে। নিহত জীবন আহমেদ পারকেষ্টপুর মদনা পশ্চিম পাড়ার আব্দুস সেলিমের ছেলে। স্থানীয় সূত্রে জানা যায়, জীবন মদনা বাজারের হাজী স্টোর থেকে মালামাল কিনে দর্শনা যাচ্ছিলেন। পথে হঠাৎ ছাগল রাস্তা পার হওয়ায় তার মোটরসাইকেলের সঙ্গে সংঘর্ষ ঘটে। গুরুতর আহত অবস্থায় তাকে চুয়াডাঙ্গা সদর

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে বিএনপির গণসংযোগ

আবু রায়হান নিরব. মেহেরপুর

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের রাধাকান্তপুর ও শালিকা গ্রামে বিএনপির ৩১ দফা দাবি প্রচারের লক্ষ্যে গণসংযোগ ও লিফলেট বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার জেলা

২-এর পৃষ্ঠা দেখুন





## মেহেরপুরে গণঅধিকারের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুরে গণঅধিকার পরিষদের চতুর্থ প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে। গতকাল রবিবার (২৬ অক্টোবর) বিকেল ৪টার দিকে জেলা কার্যালয়ে কেক কাটা ও আলোচনা সভার মধ্য দিয়ে দিনটি উদযাপন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশ ছাত্র অধিকার পরিষদের কেন্দ্রীয় কমিটির আপ্যায়ন বিষয়ক সম্পাদক রাইসুল হক, মেহেরপুর জেলা গণঅধিকার পরিষদের সভাপতি সাইফুল ইসলাম, সাধারণ সম্পাদক মিজানুর রহমান, সমাজসেবা সম্পাদক মিনারুল

২-এর পৃষ্ঠা দেখুন

## কুষ্টিয়া সিভিল সার্জন কার্যালয় ঘেরাও, বিক্ষোভ

নিজস্ব প্রতিবেদক

পরীক্ষার প্রশ্নফাঁসের মাধ্যমে নিয়োগ বাণিজ্যের অভিযোগে কুষ্টিয়া সিভিল সার্জন কার্যালয় ঘেরাও করে বিক্ষোভ করেছেন ছাত্র জনতা। গতকাল রবিবার দুপুরে কার্যালয়ের প্রধান ফটকের সামনে বিক্ষোভ করে সড়ক অবরোধ করে তারা।

বিক্ষোভকারীদের অভিযোগ, গত শুক্রবার অনুষ্ঠিত হওয়া কুষ্টিয়া সিভিল সার্জন কার্যালয়ের অধীনে স্বাস্থ্য সহকারী পদে নিয়োগ পরীক্ষার প্রশ্ন ফাঁস হয়। ওই দিন ভোররাতে শহরের একটি ছাত্রাবাসে প্রায় ৩০জন পরীক্ষার্থীকে প্রশ্ন দিয়ে উত্তর মুখস্থ করানো হয়। সেখান থেকে বের হয়ে পরীক্ষা দিতে বের হলে সেই দৃশ্য ফেসবুকে ভাইরাল

২-এর পৃষ্ঠা দেখুন





## ইহসানুন দরবার শরীফে আধ্যাত্মিক আবেশে ওরস শরীফ পালন

নিজস্ব প্রতিবেদক

আত্মার শান্তি ও ভালোবাসার মহামিলনস্থল ইহসানুন দরবার শরীফে সুফি সাধনার পরম পুরুষ হযরত নেয়ামত উল্লাহ আল চিশতী নিজামী (রহ.)-এর ২৫তম তিরোধান দিবস উপলক্ষে শনিবার রাত্রে পবিত্র ওরস শরীফ অনুষ্ঠিত হয়েছে। প্রয়াত সুফি সাধক হযরত রফিকুল ইসলাম আল চিশতী নিজামী (রহ.)-এর প্রাণপ্রিয় মুর্শিদ এই মহান সাধক ছিলেন আল্লাহওয়ালাদের এক উজ্জ্বল প্রদীপ। তাঁর আধ্যাত্মিক আলোর ছোঁয়া আজও ভক্ত-অনুরাগীদের হৃদয়ে জ্যোতি ছড়ায়।

২-এর পৃষ্ঠা দেখুন

## নির্বাচনের আগে জাতীয় পার্টির বিষয়ে ফয়সালা হওয়া দরকারঃ নূর

সূর্যোদয় প্রতিবেদন

গণ অধিকার পরিষদের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক আলোচনা সভায় সংগঠনটির সভাপতি নুরুল হক নুর বলেছেন, আগামী জাতীয় নির্বাচনের আগে জাতীয় পার্টির বিষয়ে পরিষ্কার ফয়সালা নেয়া প্রয়োজন। তিনি সতর্ক করে বলেন, নির্বাচনে বিষয়টি না সুনিশ্চিত করলে তা তাদের জন্য বিশাল অমঙ্গল ডেকে আনতে পাওে সংঘাত ও নাশকতার চেষ্টা হতে পারে। রোববার (২৬ অক্টোবর) দুপুরে ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট মিলনায়তনে আয়োজিত ওই অনুষ্ঠানে নুরুল হক বলেন, “আমরা চাই নির্বাচন বিঘ্নিত হোক এ রকম কোনো কাজ চাই না। কিন্তু জাতীয়

২-এর পৃষ্ঠা দেখুন

## আরপিও সংশোধনীর সঙ্গে একমত নয় বিএনপি, সিইসিকে চিঠি

সূর্যোদয় প্রতিবেদন

জোটবদ্ধভাবে নির্বাচনে অংশ নিলেও প্রত্যেক দলকে নিজস্ব প্রতীকে ভোট করার বাধ্যবাধকতা সংক্রান্ত গণপ্রতিনিধিত্ব আদেশ (আরপিও)-এর সংশোধনীর সঙ্গে একমত নয় বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)। দলটি বলছে, সংশোধনীটি গণতান্ত্রিক চর্চার পরিপন্থী এবং এতে রাজনৈতিক জোটের স্বাধীনতা সীমিত হবে। রোববার রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন-এর সঙ্গে বৈঠক করে বিএনপির

২-এর পৃষ্ঠা দেখুন


**মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ**

প্রোঃ মোঃ আলতাফ হোসেন

এখানে পাওয়া যায়

- ✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
- ✓ প্লাস্টিক সামগ্রী
- খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।

কাঁসারী বাজার, মেহেরপুর।

০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

পরিবেশক
- কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
- আর এফ এল
- আকিজ সিরামিক


**অনুবাক্য**

**মামুনুর রশিদ মামুন**

**খবর (সীমান্তে ১২০ বাংলাদেশি হস্তান্তর)**

ভারত থেকে আনছে ধরে
জড়ো করছে বর্ডারে
বাংলার গন্ধ পেলেই তাদের
দেখছেনা তারা খতিয়ে।
মহলে মহল্লায় দিচ্ছে হানা
করছে সন্ধানে কটুক্তি
বলছে তোরা ভারতের নয়
তোরা সবাই বাঙ্গালী।
প্রতিদিনে শত শত
করছে বাংলায় পুশ
বিজিবির দল নিচ্ছে গুনে
হচ্ছে না তাদের হুশ।
এইভাবে চলতে থাকলে
হাজার থেকে লাখ
কোটির কোঠায় ঠেকে গেলে
বাংলাদেশ হবে ষাট ।





## মেহেরপুরে ৩৯ সদস্যবিশিষ্ট সুজন জেলা কমিটি গঠন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে সুজন-সুশাসনের জন্য নাগরিক জেলার ৩৯ সদস্য বিশিষ্ট নতুন কমিটি গঠন করা হয়েছে। গতকাল রবিবার বিকেলে জেলা ইসলামী ফাউন্ডেশন মিলনায়তনে অনুষ্ঠিত এক আলোচনা সভায় সৈয়দ জাকির হোসেনকে সভাপতি ও মুজাহিদ আল মুন্নাকে সাধারণ সম্পাদক

২-এর পৃষ্ঠা দেখুন

## ব্রুকের সেঞ্চুরিও রক্ষা করতে পারল না ইংল্যান্ডকে

সূর্যোদয় প্রতিবেদন

ইংল্যান্ড বনাম নিউজিল্যান্ড ওয়ানডে সিরিজের প্রথম ম্যাচে হ্যারি ব্রুকের একক সেঞ্চুরি শেষ পর্যন্ত দলের জয়ের আশা জাগাতে পারল না। নিউজিল্যান্ডের ড্যারিল মিচেল (অপরাজিত ৭৮) ও মাইকেল ব্রেসওয়েল (৫১) দুইজনের ফিফটির কারণে কিউইরা ৪ উইকেটে জয় তুলে নিয়ে সিরিজে ১-০ ব্যবধানে এগিয়ে গেল। ম্যাচের শুরুতেই নিউজিল্যান্ড দারুণ আক্রমণাত্মকভাবে এগিয়ে যায়। প্রথম বলেই ম্যাট হেনরি ইনসুইং ডেলিভারিতে জেমি স্মিথকে বোল্ড করে ইংল্যান্ডের

২-এর পৃষ্ঠা দেখুন



## জামায়াতে ইসলামীর গণসংযোগ ও সভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের রামদাসপুর গ্রামে বাংলাদেশ জামায়াতে ইসলামী জেলা শাখার উদ্যোগে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।গতকাল রবিবার বিকাল ৫টায় গ্রামের প্রধান

২-এর পৃষ্ঠা দেখুন


সু- খবর সু- খবর সু- খবর

আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।

আমাদের কাছে পাচ্ছেন -

- অথেনটিক প্রোডাক্ট
- সেরা দাম
- নির্ভরযোগ্য সেবা

মোবাইল স্টেশন

তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।

আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক,মেহেরপুর

হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১

আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।

বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ সোমবার ॥ ১১ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ২৭ অক্টোবর ২০২৫ইং

# সনদ বাস্তবায়নে সংসদকে বাধ্য করার উপায় পায়নি কমিশন

সূর্যোদয় প্রতিবেদন

আগামী জাতীয় সংসদ নির্বাচনের পর গঠিত হতে যাওয়া ‘সংবিধান সংস্কার পরিষদ’-এর হাতে যেতে পারে জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের দায়িত্ব। পরিষদকে নয় মাসের মধ্যে সনদ বাস্তবায়নের শর্ত দেওয়ার প্রস্তাব করা হলেও, এ শর্ত না মানলে কী হবেড় তার কোনো কার্যকর উপায় বের করতে পারেনি জাতীয় ঐকমত্য কমিশন। ফলে গণভোটে সাংবিধানিক আদেশ অনুমোদিত হলেও জুলাই সনদের বাস্তবায়ন নিয়ে অনিশ্চয়তা কাটছে না।

বিশেষজ্ঞরা সনদ বাস্তবায়নকে নির্দেশনামূলক (ধফারংড়ৎু) রাখার পরামর্শ দিলেও, কমিশন তা বাধ্যতামূলক (সধহফধঃড়ৎু) করার পথ খুঁজছে। তবে এখনো কোনো গ্রহণযোগ্য সমাধান পাওয়া যায়নি। শনিবার সারাদিনব্যাপী কমিশন বিশেষজ্ঞ প্যানেলের সঙ্গে বৈঠক করে। বৈঠক সূত্রে জানা গেছে, আলোচনার মূল বিষয় ছিল সংসদের কাঠামো এবং জুলাই সনদ বাস্তবায়ন বাধ্যতামূলক হবে কি না। কমিশন সূত্র জানায়, সাংবিধানিক আদেশের খসড়া প্রায় চূড়ান্ত পর্যায়ে রয়েছে। আজ রোববারের বৈঠকে চূড়ান্ত কাঠামো অনুমোদনের চেষ্টা করা হবে। এরপর কমিশন সরকারকে সুপারিশ পাঠাবে, যার ভিত্তিতে সরকার গণভোটের তারিখ নির্ধারণ করবে। ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ বলেন, “বিশেষজ্ঞদের সঙ্গে গুরুত্বপূর্ণ অগ্রগতি হয়েছে। সাংবিধানিক আদেশের কাঠামো প্রায় প্রস্তুত।” কমিশনের আলোচ্য খসড়ায় বলা হয়েছে, গণভোট অনুষ্ঠিত হবে সরাসরি এই আদেশের ওপর, জুলাই সনদের ওপর নয়। গণভোটে অনুমোদন পেলে আগামী সংসদ দ্বৈত ভূমিকায় কাজ করবে সংসদ হিসেবে সরকার গঠন ও আইন প্রণয়ন করবে, পাশাপাশি সংবিধান সংস্কার পরিষদ হিসেবে নয় মাসের মধ্যে সনদে উল্লিখিত সংস্কারসমূহ বাস্তবায়ন করবে। এই সময়ের মধ্যে পরিষদ সংবিধান সংশোধন, পরিমার্জন ও পরিবর্তন করতে পারবে গণভোটে প্রাপ্ত ‘গাঠনিক ক্ষমতা’ অনুযায়ী। শনিবার সকালে কমিশন এনসিপির সঙ্গে বৈঠক করে এবং দুপুরে চার ঘণ্টা বিশেষজ্ঞদের সঙ্গে আলোচনা করে। এনসিপি জানিয়েছে, সাংবিধানিক আদেশ ও গণভোটের মাধ্যমে জুলাই সনদ বাস্তবায়ন বাধ্যতামূলক করলে তারা সনদে সই করবে। কমিশনের এক সদস্য জানান, “এনসিপির প্রস্তাবে ইতিবাচক ও নেতিবাচক দুই দিকই আছে। আমাদের লক্ষ্য, সব দল যেন সনদে সই করে।” বৈঠকে তিনটি বিকল্প প্রস্তাব নিয়ে আলোচনা হয় ৯ মাসে ব্যর্থ হলে সংসদ ও পরিষদ বিলুপ্ত: নতুন নির্বাচন হবে। তবে এতে রাজনৈতিক অস্থিতিশীলতা ও সাংবিধানিক সংকটের

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## আদা-লেবুর চা, শীতে সুস্থ থাকার সহজ উপায়

সূর্যোদয় প্রতিবেদক

শীতের সময় ঘনিয়ে আসছে, সঙ্গে করোনাভাইরাসের সংক্রমণ-আশঙ্কা। ফলে রোগপ্রতিরোধ ক্ষমতা বাড়ানোর প্রয়োজনীয়তা এখন আগের চেয়ে অনেক বেশি। বিশেষজ্ঞদের মতে, শীতকালে প্রতিদিন আদা ও লেবুর চা পান করলে সার্বিক সুস্থতা বজায় থাকে, শরীরের রোগপ্রতিরোধ ক্ষমতা বাড়ে, ওজন কমাতে সহায়তা করে, হজমে উন্নতি ঘটে এবং হৃদযন্ত্রের স্বাস্থ্য ভালো থাকে। আদা সাধারণত বুকজ্বালা, গ্যাস্ট্রিক, বমি ভাব এবং উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণে ব্যবহৃত হয়। অন্যদিকে লেবুতে রয়েছে প্রচুর ভিটামিন ‘সি’, যা রোগপ্রতিরোধ ক্ষমতা জোরদার করে, রক্তাল্পতা প্রতিরোধে সাহায্য করে, কোলাজেন উৎপাদন বাড়ায় এবং হজমে সহায়তা করে। দুই উপাদান আলাদা আলাদাভাবে যেমন উপকারী, একসঙ্গে মিশিয়ে পান করলে তা আরও কার্যকর হয়। আদা খাবার হজমের গতি নিয়ন্ত্রণ করে এবং কোষ্ঠকাঠিন্য ও অ্যাসিডিটির ঝুঁকি কমায়। লেবু পাকস্থলীর অ্যাসিড উৎপাদন বাড়ায়,

৩-এর পৃষ্ঠা দেখুন

### বাঁধনের ২৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

## নিঃস্বার্থ রক্তদানের অঙ্গীকারে মানবতার উৎসব

নিজস্ব প্রতিবেদক

নিঃস্বার্থ রক্তদানের অঙ্গীকারে মানবসেবার ব্রত নিয়ে মেহেরপুর সরকারি কলেজে উদযাপিত হয়েছে স্বেচ্ছাসেবী সংগঠন বাঁধন-এর ২৮তম প্রতিষ্ঠাবার্ষিকী। গতকাল রবিবার (২৬ অক্টোবর ২০২৫) সকাল সাড়ে ১০টায় আনন্দ র‍্যালির মধ্য দিয়ে দিনব্যাপী কর্মসূচির সূচনা হয়। পরে কেক কাটা ও কলেজ ক্যাম্পাসে বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয় কর্মসূচি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাঁধন, মেহেরপুর সরকারি কলেজ পরিবার, পদ্মা জোনের সভাপতি মো. নাফিউল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. কে. এম. নজরুল কবীর। এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষক পরিষদের সম্পাদক ও বাংলা বিভাগের প্রধান খেজমত আলী মালিথা, ইংরেজি বিভাগের প্রধান মো. হাসানুজ্জামান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক বশির আহম্মেদ, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রভাষক তৌফিকুল ইসলাম, ইংরেজি বিভাগের প্রভাষক মো. মনিরুজ্জামান, সাবেক সভাপতি সবুজ আলী ও সাবেক সাধারণ সম্পাদক ফারুক প্রমুখ।

বাঁধনের বর্তমান ও সাবেক সদস্যরা উচ্ছ্বাস ও উৎসাহের মধ্য দিয়ে দিনব্যাপী এই কর্মসূচিতে অংশগ্রহণ করেন। মানবতার সেবায় রক্তদানে তরুণ সমাজকে উদ্বুদ্ধ করতে এ উদ্যোগকে অতিথি ও অংশগ্রহণকারীরা প্রশংসা করেন।

## ভিন্নতা থাকলেও জাতীয় স্বার্থে সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে: গোলাম পরওয়ার

সূর্যোদয় প্রতিবেদন

রাজনৈতিক মত-পথের ভিন্নতা থাকলেও জাতীয় স্বার্থে সব রাজনৈতিক দলকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার। রোবব-ার (২৬ অক্টোবর) দুপুরে রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে গণঅধিকার পরিষদের ষষ্ঠ প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় তিনি এ আহ্বান জানান। গোলাম পরওয়ার বলেন, “এ সময়ে অনেক পরাশক্তি ও গোয়েন্দা সংস্থা নানা ষড়যন্ত্রে লিপ্ত থাকবে। ফ্যাসিবাদমুক্ত নতুন বাংলাদেশ গঠনের পথে অনেক বাধা আসবে। তবে জাতীয় নির্বাচনের দিকে যে অভিযাত্রা শুরু হয়েছে, তা সবাইকে ঐক্যবদ্ধভাবে এগিয়ে নিতে হবে।” তিনি আরও বলেন,

৩-এর পৃষ্ঠা দেখুন



## বিজিবির অভিযানে ২৯০ বোতল ফেনসিডিল উদ্ধার

নিজস্ব প্রতিবেদক. চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গার জীবননগর সীমান্তে পৃথক মাদকবিরোধী অভিযানে ২৯০ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)।

বিজিবি মহেশপুর ব্যাটালিয়নের (৫৮ বিজিবি) সহকারী পরিচালক মুন্সী ইমদাদুর রহমান গতকাল রবিবার স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান। বিজ্ঞপ্তিতে বলা হয়, রবিবার সকাল সাড়ে ৭টার দিকে মাধবখালী বিওপির একটি দল, সুবেদার শরাফত আলীর নেতৃত্বে, সীমান্ত পিলার ৭১/৮-এস থেকে আনুমানিক ১০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে জীবননগর উপজেলার রাজাপুর গ্রামের রিপনের মাল্টাবাগান এলাকায় অভিযান চালিয়ে মালিকবিহীন অবস্থায় ২৪২ বোতল ফেনসিডিল উদ্ধার করে। এর আগে, শনিবার দিবাগত রাত সাড়ে

৩-এর পৃষ্ঠা দেখুন

## ইসির অগ্রগতিতে সন্তুষ্ট কমনওয়েলথ: সচিব

সূর্যোদয় প্রতিবেদন

কমনওয়েলথ প্রতিনিধি দলের সঙ্গে বৈঠক শেষে নির্বাচন কমিশনের (ইসি) সচিব আখতার আহমেদ জানিয়েছেন, কমনওয়েলথ ডেলিগেশন বাংলাদেশে নির্বাচন প্রস্তুতির অগ্রগতিতে সন্তুষ্ট। রোববার (২৫ অক্টোবর) নির্বাচন ভবনে বৈঠকের পর সাংবাদিকদের তিনি এ তথ্য জানান।

সচিব আখতার আহমেদ বলেন, কমনওয়েলথ ডেলিগেশন নির্বাচনের প্রস্তুতি, আইনি কাঠামো এবং মাঠ পর্যায়ের ব্যবস্থাপনার সার্বিক তথ্য জানতে চেয়েছে। আলোচনা সভায় আরপিও (গণপ্রতিনিধিত্ব আদেশ), কনডাক্ট রুলস, ভোটার তালিকা গ্রহণের সময়সীমা (৩১ অক্টোবর পর্যন্ত), পর্যবেক্ষক কর্মসূচি, আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং নির্বাচন ব্যবস্থাপনা বিষয়ে বিস্তারিত তথ্য দেওয়া হয়েছে। এছাড়া প্রি-ইলেকশন, নির্বাচন ও পোস্ট-ইলেকশন পর্যায়েও

৩-এর পৃষ্ঠা দেখুন



## নির্বাচন ছাড়া পুরো সংস্কার প্রক্রিয়া সম্পন্ন করা যাবে না: জোনায়েদ সাকি

সূর্যোদয় প্রতিবেদন

গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়কারী জোনায়েদ সাকি বলেছেন, আসন্ন জাতীয় সংসদ নির্বাচন ছাড়া রাষ্ট্র সংস্কারের পূর্ণ প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব নয়। তিনি বলেন, “বিপ্লব করলেও শেষ পর্যন্ত আমাদের সংসদ দরকার হয়। একটি সংসদ, একটি সংবিধান ও জনগণের প্রতিনিধির মাধ্যমেই যেকোনো সিদ্ধান্তের বৈধতা দেওয়া হয়। কাজেই নির্বাচন ছাড়া সংস্কার প্রক্রিয়া পূর্ণতা পাবে না।” রোববার (২৬ অক্টোবর) দুপুরে রাজধানীর ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট মিলনায়তনে গণ অধিকার পরিষদের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন।

জোনায়েদ সাকি বলেন, “আমরা আইনি বাধ্যবাধকতার বিষয়ে একমত হয়েছি। গণভোটের মধ্য দিয়ে জনগণ সংস্কার প্রক্রিয়াকে অনুমোদন দেবেন, আর সেটি আইনি বাধ্যবাধকতায় রূপ নেবে

৩-এর পৃষ্ঠা দেখুন



## বাংলাদেশে ঠেলে পাঠানো ছয়জনকে ফিরিয়ে না নেওয়ায় ভারতে ক্ষোভ

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশে ঠেলে পাঠানো ছয়জন ভারতীয় নাগরিককে ফিরিয়ে না আনায় কেন্দ্রীয় বিজেপি সরকারের বিরুদ্ধে ক্ষোভ বাড়ছে ভারতে। কলকাতা হাইকোর্টের নির্দেশের মেয়াদ শেষ হয়ে গেলেও কেন্দ্রীয় সরকার এখনো তাদের প্রত্যাবাসনের কোনো পদক্ষেপ নেয়নি। এ

৩-এর পৃষ্ঠা দেখুন

## গাজার স্থিতিশীলতায় শিগগিরই আসছে আন্তর্জাতিক বাহিনী: ট্রাম্প

সূর্যোদয় প্রতিবেদন

গাজা উপত্যকায় স্থিতিশীলতা ফিরিয়ে আনতে দ্রুত অগ্রগতি হচ্ছে এবং সেখানে খুব শিগগিরই একটি আন্তর্জাতিক শান্তিরক্ষী বাহিনী মোতায়েন করা হবে, এমন ঘোষণা দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। শনিবার (২৫ অক্টোবর) দোহায় জ্বালানি ভরার বিরতিতে কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল-থানির সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের তিনি এ কথা জানান। বৈঠক শেষে ট্রাম্প বলেন, “গাজা উপত্যকায় স্থিতিশীলতা ফিরিয়ে আনতে আমরা দ্রুত এগোচ্ছি। এটি একটি স্থায়ী শান্তি হওয়া উচিত, সাময়িক নয়।” তিনি জানান,

৩-এর পৃষ্ঠা দেখুন



## ‘মাদক ছুতো’য় ভেনেজুয়েলা ঘিরে ফেলেছে আমেরিকা: অভিযোগ মাদুরোর

সূর্যোদয় প্রতিবেদন

ভেনেজুয়েলার রাষ্ট্রপতি নিকোলাস মাদুরো যুক্তরাষ্ট্রকে ‘মাদক ছুতোয়’ তাদের দেশকে অস্থিতিশীল করার অভিযোগ করেছেন। মার্কিন প্রশাসন এই অভিযানের কথা ড্রাগ ট্রাফিকিং প্রতিরোধের নামে জানালেও বিশেষজ্ঞরা এটি রেজিম চেঞ্জের উদ্দেশ্য হিসেবে দেখছেন। শুক্রবার (২৪ অক্টোবর) আমেরিকার প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথের নির্দেশে

৩-এর পৃষ্ঠা দেখুন

## সীমাহীন পাল্লার পারমাণবিক ক্ষেপণাস্ত্রের সফল পরীক্ষা চালিয়েছে রাশিয়া

সূর্যোদয় প্রতিবেদন

পারমাণবিক শক্তিচালিত ক্রুজ ক্ষেপণাস্ত্রের সফল পরীক্ষা চালিয়েছে রাশিয়া। দেশটির প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন দাবি করেছেন, বিশ্বের যেকোনো আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা এড়িয়ে নির্দিষ্ট লক্ষ্যবস্তুতে আঘাত হানতে সক্ষম এই ক্ষেপণাস্ত্র। ব্রিটিশ সংবাদমাধ্যম রয়টার্সের এক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়েছে। রাশিয়ার এই ক্ষেপণাস্ত্রটির নাম ‘বুরেভেস্তনিক’ যার অর্থ ঝড়ের পাখি । পশ্চিমা সামরিক জোট ন্যাটো ‘এসএসসি-এক্স-৯ স্কাইফল’ নামে ডাকে। রাশিয়ার দাবি,

৩-এর পৃষ্ঠা দেখুন

✨ জামান বস্ত্রালয় ✨
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
100 ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

## পুরুষের মস্তিষ্ক নারীর তুলনায় দ্রুত ক্ষয়প্রাপ্ত

সূর্যোদয় প্রতিবেদন

মানুষের বয়স বাড়ার সঙ্গে সঙ্গে মস্তিষ্কের আয়তন স্বাভাবিকভাবে কমে। তবে নতুন আন্তর্জাতিক গবেষণায় দেখা গেছে, পুরুষদের মস্তিষ্ক নারীদের তুলনায় দ্রুত সঙ্কুচিত হয়। নরওয়ের ইউনিভার্সিটি অব অসলো এর গবেষকরা ১৭ থেকে ৯৫ বছর বয়সি প্রায় ১২ হাজার মানুষের মস্তিষ্কের এমআরআই স্ক্যান বিশ্লেষণ করেছেন। এতে দেখা গেছে, বয়স বৃদ্ধির সঙ্গে পুরুষদের মস্তিষ্কের বিভিন্ন অংশে আয়তন কমে যাচ্ছে, যেখানে নারীদের ক্ষেত্রে ক্ষয় তুলনামূলক কম। গবেষকরা বলছেন, মস্তিষ্ক ক্ষয় স্বাভাবিক হলেও আলঝেইমার রোগীদের ক্ষেত্রে তা অনেক বেশি। তাছাড়া, যদিও নারীরা পুরুষদের তুলনায় দ্বিগুণ হারে



আলঝেইমারে আক্রান্ত হন, তাদের মস্তিষ্কের ক্ষয় হার ধীর। গবেষকরা মোট আয়তন, কর্টেক্স পুরুত্ব, সাবকর্টিক্যাল ভলিউম এবং সারফেস এরিয়া তুলনা করেছেন। তাতে

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু’র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ

এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেস্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা
কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)
সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল

এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি),এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
কিডনী, মুত্রথলী, মুত্রনালী, প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ, পুরুষ প্রজাননতন্ত ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা
শনি ও রবিবার

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, সোমবার, ২৭ অক্টোবর ২০২৫ ইং

## সীমান্তে মানবপাচার রোধে কার্যকর উদ্যোগ প্রয়োজন

ভারতের সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) ও বাংলাদেশের বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)-এর মধ্যে সহযোগিতার মাধ্যমে সম্প্রতি মেহেরপুর ও চুয়াডাঙ্গা সীমান্তে ১২০ জন বাংলাদেশিকে ফেরত দেওয়া হয়েছে। এদের মধ্যে নারী, পুরুষ, শিশু ও তৃতীয় লিঙ্গের সদস্যও রয়েছেন। তথ্য বলছে, এরা দালালের মাধ্যমে অবৈধভাবে সীমান্ত অতিক্রম করে ভারতে গিয়েছিলেন এবং সেখানে শ্রমিক হিসেবে কাজ করছিলেন। পরে আটক হয়ে তারা দেশে ফিরেছেন পতাকা বৈঠকের মাধ্যমে। এই ঘটনাটি নিছক "অবৈধ অনুপ্রবেশ" হিসেবে দেখলে ভুল হবে। বাস্তবে এটি সীমান্তবর্তী দরিদ্র জনগোষ্ঠীর জীবন-সংগ্রামের এক নির্মম চিত্র। কর্মসংস্থানের অভাব, দারিদ্র্য, দালাল চক্রের প্রলোভন এবং সীমান্তের দুর্বল নজরদারি সব মিলিয়ে তারা পাড়ি দেন অনিশ্চিত এক পথে। ফেরত আসার সময় তাদের হাতে থাকে না কোনো সম্পদ, বরং থাকে লাঞ্ছনা ও নিঃস্বতা। প্রতিনিয়ত এ ধরনের ঘটনা ঘটছে কখনো মেহেরপুর, কখনো চুয়াডাঙ্গা বা যশোর সীমান্তে। কিন্তু এখন পর্যন্ত মানবপাচার ও অবৈধ অনুপ্রবেশ রোধে কার্যকর ও স্থায়ী সমাধান দেখা যায়নি। কয়েকজন দালাল গ্রেপ্তার হলেও মূল চক্র থেকে যায় ধরা-ছোঁয়ার বাইরে। ফলে দালালচক্রের দৌরাত্ম্য থামছে না, বরং নতুন নতুন ভুক্তভোগী তৈরি হচ্ছে। অতএব, এখন সময় এসেছে এই সমস্যাকে কেবল সীমান্ত নিরাপত্তার বিষয় হিসেবে না দেখে জাতীয় মানবিক সংকট হিসেবে বিবেচনা করার।সীমান্ত অঞ্চলে কর্মসংস্থান সৃষ্টি, স্থানীয় প্রশাসনের নিয়মিত তদারকি, মানবপাচার প্রতিরোধে গোয়েন্দা তৎপরতা বৃদ্ধি এবং ফেরত আসা ভুক্তভোগীদের পুনর্বাসনের ব্যবস্থা এসব পদক্ষেপ এখন জরুরি। বিজিবি-বিএসএফের সহযোগিতা প্রশংসনীয়, তবে তা কেবল অস্থায়ী সমাধান দিতে পারে। প্রকৃত সমাধান হবে যখন সীমান্তবর্তী মানুষ নিরাপদ জীবিকা খুঁজে পাবে নিজ দেশের মাটিতেই।

দেশের প্রতিটি সীমান্ত যেন সুযোগের নয়, নিরাপত্তার প্রতীক হয়ে ওঠে এই হোক আমাদের প্রত্যাশা।

## ডেঙ্গুঃ মৃত্যুর সংখ্যা নয়, মানুষের জীবন আমাদের দায়

সৈয়দ আনোয়ার



অক্টোবরের প্রথম সপ্তাহ। ২০২৫ সালের বর্ষা এখনো পুরোপুরি বিদায় জানায়নি। তবু বাংলাদেশের প্রতিটি হাসপাতালের করিডোরে যেন একই আর্তনাদ-ডেঙ্গু। সরকারি হিসাব বলছে, কয়েক হাজার নতুন রোগী শনাক্ত। হিসাবের বাইরে আরও অনেক গৃহবন্দী কষ্ট। মশার ক্ষুদ্র ডানায় ঝুলে আছে একটি জাতির সীমাহীন অপ্রস্তুতি। ডেঙ্গু কোনো আকস্মিক দুর্যোগ নয়। ধুলোমাখা পরিত্যক্ত টায়ার, ছাদের ট্যাংকে জমে থাকা পানি, ড্রেনের ময়লায় জন্ম নেওয়া লার্ভা আমাদের বছরের পর বছর বলে গেছে বিপদ বাড়ছে। ২০২৩ সালের বিপর্যয় যেন আলো ফেলেছিল অসংখ্য গলদে। তবু কার্যকর স্থায়ী পরিকল্পনার অভাব রয়ে গেল। বৃষ্টি বাড়ল, পানি জমল, আর এডিস মশার হাসি আরও চওড়া হলো। একটি দৃশ্য কল্পনা করা যায়। কেউ হাসপাতালের দরজায় রক্তের জন্য দৌড়াচ্ছে। আরেকজন চিকিৎসা খরচ জোগাতে সব শেষ করে ফেলেছে। আরামদায়ক কক্ষের সভা কিংবা নিয়ত ঘোষণা এসব ব্যথার কাছে শূন্য কাগজ ছাড়া আর কিছুই নয়। ডেঙ্গুতে মারা যাওয়া প্রতিটি মানুষ আমাদের অব্যবস্থাপনার নীরব সাক্ষ্য।

উপায় কি নেই? উপায় আছে, বরং বহুদিন ধরেই সামনে পড়ে রয়েছে। শুধু তাকে বাস্তবায়নের মতো দায়বদ্ধতা নেই। এখন প্রয়োজন জরুরি এবং টেকসই কয়েকটি পদক্ষেপ। যেমন : স্থানীয় নজরদারি ও পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযানে নিয়মিততা ফেরাতে হবে।নির্মাণস্থল, বাজার এবং জনসমাগম এলাকায় দায়িত্ব নির্ধারণ ও কঠোর জরিমানা নিশ্চিত করতে হবে। স্বাস্থ্য বিভাগ, সিটি করপোরেশন, শিক্ষা প্রতিষ্ঠান ও স্থানীয় প্রশাসন এক ছাতার নিচে সমন্বয় করবে।রোগীর তথ্য ও হাসপাতালের প্রস্তুতি অনলাইনে প্রকাশ করে স্বচ্ছতার বলয় গড়ে তুলতে হবে।প্রতিটি ওষুধ ও সরঞ্জাম বিজ্ঞানভিত্তিক পরীক্ষায় উত্তীর্ণ না হলে করদাতার টাকায় কেনা চলবে না। ছাদ, আঙিনা, পুকুর, ড্রেন-নিজ নিজ জায়গার পানি আমরা নিজেরাই নিয়ন্ত্রণ করব। এখানে নাগরিকরা দর্শক নয়। প্রত্যেকে সৈনিক। নিজের বাড়ির এক কোণে জমে থাকা পানিই হতে পারে কারও মৃত্যুর কারণ। আর একটি শিশু যদি ডেঙ্গুতে আক্রান্ত হয়, সেটার দায় শুধু মশার নয়, আমাদেরও। রাষ্ট্রের জন্য এটা পরীক্ষার সময়। রাজনৈতিক সদিচ্ছা না থাকলে পরিকল্পনা শুধু ফাইলবন্দি থাকে। মৃত্যু যখন প্রতিদিনের পরিসংখ্যানে পরিণত হয়, তখন প্রতিটি সংখ্যা চিৎকার করে বলে-আমরা কোথাও ভুল করছি। জীবনই উন্নয়নের প্রথম শর্ত। ডেঙ্গুর বিরুদ্ধে লড়াই কোনো মৌসুমি দায় নয়, এটি আমাদের অস্তিত্বের প্রশ্ন। এখনই সময়। স্লোগান নয়, কাজ। অভিযোগ নয়, দায়িত্ব। কারণ একটি মশা যদি আমাদের হারিয়ে দেয়, তাহলে পরাজয় শুধু স্বাস্থ্যখাতের নয়, পুরো জাতির।

(সংবাদকর্মী, হোমনা, কুমিল্লা)

## জীবনের প্রতিটি মুহূর্তে ইতিবাচক চিন্তা

মুহাম্মদ মর্তুজা

জীবন মহান আল্লাহ তায়ালার দেওয়া অমূল্য নিয়ামত। তিনি তাঁর প্রত্যেক বান্দার জীবনকে অফুরন্ত অনুগ্রহ ও রহমতে ভরিয়ে রেখেছেন। প্রতিটি প্রাণ প্রতিনিয়ত মহান আল্লাহর রহমতের ছায়াতলে রয়েছে, যা গভীরভাবে চিন্তা না করলে অনেক সময় আমাদের উপলব্ধিই হয় না।

পৃথিবীর স্থিরতা, বাতাসে অক্সিজেনের প্রবাহ, সূর্যের আলো এসব নিয়ামতের কোনো নিয়ন্ত্রণ মানুষের হাতে নেই। অথচ এগুলোর যেকোনো একটি মুহূর্তের জন্য বন্ধ হয়ে গেলে প্রাণের অস্তিত্বই বিলীন হয়ে যাবে। তাই কোনো মানুষই আল্লাহর রহমতের বাইরে নয়; জীবনের কোনো ক্ষুদ্র সময়ও তাঁর করুণা থেকে বঞ্চিত নয়। তবে মহান আল্লাহ তাঁর বান্দাদের মাঝে মাঝে পরীক্ষা করেন। যারা সেই অবস্থায় ধৈর্য ধারণ করে এবং আল্লাহর সিদ্ধান্তের ওপর আস্থা রাখে, তাদের জন্য সেই সাময়িক দুঃখ-কষ্টও হয়ে ওঠে অশেষ কল্যাণের কারণ। তাই জীবনের প্রতিটি মুহূর্ত ও প্রতিটি ঘটনাকে ইতিবাচকভাবে গ্রহণ করা একজন মুমিনের শোভা। মুমিন সর্বাবস্থায় মহান আল্লাহর প্রতি সুধারণা রাখে। এতে দুনিয়ার পরীক্ষাগুলো সহজ হয়ে যায়, আর আল্লাহ তাঁর জন্য সৌভাগ্যের দরজা খুলে দেন। রাসুলুল্লাহ (সা.) বলেন, "আল্লাহ তায়ালা বলেন, আমি আমার বান্দার ধারণা অনুযায়ী থাকি। যখন সে আমাকে স্মরণ করে, আমি তার সঙ্গেই থাকি। সে যদি আমার দিকে এক বিঘত এগিয়ে আসে, আমি তার দিকে এক হাত অগ্রসর হই; আর যদি সে হেঁটে আসে, আমি তার দিকে দৌড়ে যাই।"

যে আল্লাহর ওপর ঈমান রাখে, তার হারানোর কিছুই নেই। ভালো বা খারাপড় সব পরিস্থিতিই তার জন্য কল্যাণকর। রাসুলুল্লাহ (সা.) বলেন, "মুমিনের অবস্থা বিস্ময়কর। তার সব কাজই কল্যাণকর। সুখে থাকলে শুকরিয়া আদায় করে, বিপদে পড়লে ধৈর্য ধারণ করে, দুই অবস্থাতেই সে কল্যাণ লাভ করে।" মুমিন কখনো হতাশ হয় না। জীবনের প্রতিটি মুহূর্তে সে আল্লাহর রহমতের প্রতি আশাবাদী থাকে। জাবির ইবনে আবদুল্লাহ (রা.) বলেন, "আমি রাসুলুল্লাহ (সা.)-কে মৃত্যুর তিন দিন আগে বলতে শুনেছিড় তোমাদের কেউ যেন আল্লাহর প্রতি সুধারণা না রেখে মৃত্যুবরণ না করে।" মুমিনের মুখে নেতিবাচক কথা শোভা পায় না। দুঃসময়েও তার কথা ও আচরণে আশাবাদ প্রতিফলিত হয়। একজন মুমিনের উচিত সর্বদা মহান আল্লাহর ওপর তাওয়াক্কুল রাখা, তাঁর রহমত ও উত্তম প্রতিদানের আশা রাখা এবং জীবনের প্রতিটি অবস্থাকে ইতিবাচকভাবে দেখা। ইনশাআল্লাহ, যে ব্যক্তি আশাবাদী থেকে আল্লাহর ওপর নির্ভর করে, তার প্রতি আল্লাহর সাহায্য অবশ্যই বর্ষিত হয়।

## শীতকালীন সবজি চাষে মুখর

(প্রথম পৃষ্টার পর)

উত্তোলন করা হচ্ছে। প্রতিটি লাউ পাইকারি বিক্রিতে ৩০-৩৫ টাকায় বিক্রি হচ্ছে। এই সবজিগুলো ঢাকা, চট্টগ্রামসহ দেশের বিভিন্ন স্থানে বাজারজাত করা হয়। তবে মটমুড়া এলাকার শিম চাষি রাকিব বলেন, সার ও কীটনাশকের দাম বেশি হওয়ায় উৎপাদন খরচ বেড়ে গেছে। "আবহাওয়া অনুকূলে না থাকায় বেশি সার ও বিষ ব্যবহার করতে হচ্ছে। তবে বাজারে ভালো দামে বিক্রি হওয়ায় লাভ হচ্ছে। প্রতি কেজি শিম ৮০ থেকে ১০০ টাকায় বিক্রি হচ্ছে।" মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক সনজীব মৃধা জানান, "চলতি বছর জেলায় ২ হাজার ২৮০ হেক্টর জমিতে শীতকালীন আগাম সবজি চাষ হয়েছে। উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এসব সবজি জেলার চাহিদা মিটিয়ে দেশের বিভিন্ন স্থানে সরবরাহ করা হবে।"

## মেহেরপুরে ক্লিনিক ব্যবসার মরণ ফাঁদ

(প্রথম পৃষ্টার পর)

নিয়মিত ডাক্তার না থাকলেও সেখানে চলছে সবধরনের চিকিৎসা। স্থানীয় রাজনৈতিক প্রভাব খাটিয়ে তিনি ক্লিনিক চালাচ্ছেন বলেও অভিযোগ রয়েছে। অভিযোগ রয়েছে কোন কোন সময় ম্যানেজার সহিদুল ইসলাম নিজেই ডাক্তার সেজে রুগীর উপর ছুরি কাঁচি চালিয়ে দেন। অন্যদিকে, ডা. আবু তাহের সিদ্দিক একজন এমবিবিএস চিকিৎসক হলেও অস্ত্রোপচারের কোনো বৈধ অনুমোদন ছাড়াই 'তাহের ক্লিনিক' নামে দুটি শাখা চালাচ্ছেন। তাঁর অপচিকিৎসায় বহু রোগীর মৃত্যু ঘটলেও তার বিরুদ্ধে প্রশাসনিক কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। সরেজমিনে দেখা গেছে, তাহের ক্লিনিক- ১ (মেহেরপুর শহরে) ও তাহের ক্লিনিক-২ (গাংনীতে) এ ব্যবহৃত হচ্ছে পুরনো ও নিম্নমানের যন্ত্রপাতি। দক্ষ নার্স ও টেকনিশিয়ান নেই। তবুও প্রতিদিন সরকারি হাসপাতাল থেকে দালালদের মাধ্যমে রোগী এনে সেখানে চিকিৎসা করানো হচ্ছে। মেহেরপুর জেনারেল হাসপাতালের দালাল চক্রের অন্যতম সদস্যরা হলেন সানোয়ার হোসেন, আব্দুস শহীদ, সেলিম, সজীবসহ অর্ধশতাধিক সক্রিয় সদস্য। তারা প্রতিটি রোগী ভাগিয়ে নিতে কমিশন নেন ৩০ থেকে ৫০ শতাংশ পর্যন্ত। স্থানীয়দের অভিযোগ, প্রশাসন ও স্বাস্থ্য বিভাগকে 'ম্যানেজ' করেই এসব ক্লিনিক চালু রাখছে মালিকরা। ফলে একদিকে সাধারণ মানুষ প্রতারিত হচ্ছে, অন্যদিকে মৃত্যুর মুখে ঠেলে দেওয়া হচ্ছে অসহায় রোগীদের। স্থানীয় স্বাস্থ্য বিভাগের কর্মকর্তারা বলছেন, অভিযানের মাধ্যমে কিছু ক্লিনিক বন্ধ করা হলেও আবারও তারা কিভাবে যেন চালু হয়ে যায়।

## চুক্তিতে নিয়োগ পাওয়া বিতর্কিত

(প্রথম পৃষ্টার পর)

যোগদানের পর প্রশাসনে নজিরবিহীন বিশৃঙ্খলা সৃষ্টি হয়। পদায়ন ও পদোন্নতিতে বঞ্চিতদের অবমূল্যায়নের অভিযোগ ওঠে। সচিব, সংস্থাপ্রধান ও জেলা প্রশাসক নিয়োগ নিয়ে সমালোচনা হয়। এ পদে কর্মরত থাকাকালীন তার বিরুদ্ধে আর্থিক কেলেঙ্কারির অভিযোগও ওঠে। গত ২১ সেপ্টেম্বর মোখলেস উর রহমানকে পরিকল্পনা কমিশনের সদস্য হিসেবে বদলি করা হয়। গত বছরের ১৪ অক্টোবর দুই বছর মেয়াদে চুক্তিভিত্তিক নিয়োগ পান শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সিনিয়র সচিব সিদ্দিক জোবায়ের। ২০২৪ সালের ১৮ আগস্ট রেলপথ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব হিসেবে চুক্তিভিত্তিক নিয়োগ পান এম এ আকমল হোসেন আজাদ। কিন্তু মাত্র দুদিন পর, ২০ আগস্ট তাকে স্বাস্থ্যসেবা বিভাগে বদলি করা হয়। এরপর ২০ নভেম্বর আবারও তাকে বদলি করে পাঠানো হয় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব পদে। সেখানে এক মাসও না কাটতেই ২৯ ডিসেম্বর তাকে পরিকল্পনা কমিশনের সদস্য হিসেবে বদলি করা হয় চলতি বছরের ২১ জুলাই দুপুরে উত্তরা মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ ক্যাম্পাসে বাংলাদেশ বিমান বাহিনীর একটি যুদ্ধবিমান বিধ্বস্তের ঘটনায় ২২ জুলাই রাষ্ট্রীয় শোক ঘোষণা করা হয়। শোকাবহ পরিস্থিতিতে ওই দিনের এইচএসসি ও সমমানের পরীক্ষা স্থগিতের দাবি ওঠে শিক্ষার্থীদের পক্ষ থেকে। কিন্তু সরকারের সিদ্ধান্ত আসে অনেক দেরিতে। ২১ জুলাই দিবাগত রাত পৌনে ৩টায় পরীক্ষা স্থগিতের ঘোষণা দেওয়া হয়। বিলম্বিত সিদ্ধান্তে ক্ষোভ প্রকাশ করেন অনেকে। 'অপেশাদারিত্বের' অভিযোগ এনে শিক্ষার্থীরা সচিবালয়ের ভেতরে-বাইরে বিক্ষোভ করেন এবং শিক্ষা উপদেষ্টা চৌধুরী রফিকুল আবরার ও সিনিয়র সচিব সিদ্দিক জোবায়েরের পদত্যাগ দাবি করেন। আন্দোলনের মুখে সেদিনই সিদ্দিক জোবায়েরকে অব্যাহতি বা প্রত্যাহার করা হয়। চুক্তিভিত্তিক নিয়োগের শর্তেই বদলি বা পদায়নের সুযোগ থাকে। কিন্তু যদি কোনো কর্মকর্তা ভালো পারফর্ম করতে না পারেন, তার চুক্তি বাতিল হওয়ার কথা। অভিযোগ রয়েছে, পরীক্ষা স্থগিতের বিপক্ষে অবস্থান নিয়েছিলেন সিদ্দিক জোবায়ের। যদিও শিক্ষার্থীদের দাবির মুখে সরকার শেষ পর্যন্ত পরীক্ষা স্থগিতের সিদ্ধান্ত নেয়। পরবর্তীতে ২৩ জুলাই সিদ্দিক জোবায়েরকে প্রত্যাহার করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত করা হয়। তিন মাস পর, ১২ অক্টোবর তাকে জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির (এনএপিডি) মহাপরিচালক (সিনিয়র সচিব) হিসেবে নিয়োগ দেওয়া হয়।

## মোটরসাইকেল আরোহী নিহত

(প্রথম পৃষ্টার পর)

হাসপাতালে নেওয়া হলে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু হয়। চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খালেদুর রহমান জানান, পরিবার কোনো অভিযোগ না করায় লাশ হস্তান্তর করা হয়েছে।

## আরপিও সংশোধনীর সঙ্গে একমত

(প্রথম পৃষ্টার পর)

একটি প্রতিনিধি দল। বৈঠকে দলটির পক্ষ থেকে আরপিওর ২০ নম্বর অনুচ্ছেদে আগের বিধান বহাল রাখার দাবিতে সিইসিকে আনুষ্ঠানিকভাবে একটি চিঠি দেওয়া হয়। বৈঠক শেষে সাংবাদিকদের কাছে দলের অবস্থান তুলে ধরেন বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা ইসমাইল জবিউল্লাহ। তিনি বলেন, "জোট করলেও ভোট করতে হবে নিজস্ব প্রতীকেড় এমন বাধ্যবাধকতা আরপিওর সাম্প্রতিক সংশোধনীতে যোগ করা হয়েছে। বিএনপি এ সংশোধনীর সঙ্গে একমত নয়। আমরা চাই, আগের মতো জোটবদ্ধভাবে এক প্রতীকে নির্বাচন করার সুযোগ থাকুক।" ইসমাইল জবিউল্লাহ আরও বলেন, "এই সংশোধনী কোনো রাজনৈতিক দলের প্রস্তাবনা থেকে আসেনি। নির্বাচন কমিশন একতরফাভাবে সিদ্ধান্ত নিয়েছে। আলোচনা না করেই এমন গুরুত্বপূর্ণ পরিবর্তন আনা গণতান্ত্রিক অধিকার ক্ষুণ্ণ করেছে বলে আমরা মনে করি। তিনি জানান, এ বিষয়ে উপদেষ্টা পর্যায়েও কমিশনকে আলাদা একটি চিঠি পাঠানো হবে। তার ভাষায়, "জোটবদ্ধভাবে নির্বাচনে অংশ নিতে হলে প্রতীক বেছে নেওয়ার স্বাধীনতা দলগুলোর হাতে থাকা উচিতড় এটাই গণতন্ত্রের চেতনা।" সম্প্রতি নির্বাচন কমিশন গণপ্রতিনিধিত্ব আদেশের ২০ নম্বর অনুচ্ছেদে সংশোধনী চূড়ান্ত করেছে। সংশোধনী অনুযায়ী, জোটবদ্ধ নির্বাচনেও প্রতিটি দলকে নিজস্ব প্রতীকে প্রতিদ্বন্দ্বিতা করা বাধ্যতামূলক করা হয়েছে। আগে এই বিধানে জোটভিত্তিক প্রার্থীরা একক প্রতীকে অংশ নিতে পারতেন, যা ঐক্যবদ্ধ রাজনৈতিক জোট গঠনে সহায়ক ছিল। বিএনপির মতে, নতুন এই বিধান কার্যকর হলে রাজনৈতিক জোট গঠন এবং একক প্রতীকে নির্বাচনে অংশ নেওয়ার সুযোগ নষ্ট হবে, যা গণতান্ত্রিক ঐক্যের পরিপন্থী।

## জামায়াতে ইসলামীর গণসংযোগ ও

(প্রথম পৃষ্টার পর)

সড়ক ও দোকানপাটে এ কর্মসূচি পরিচালিত হয়। অনুষ্ঠানে নেতৃত্ব দেন মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা শাখার নায়েবে আমির মাওলানা মাহবুব আলম, মেহেরপুর শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, সদর উপজেলা আমির সোহেল রানা, সদর উপজেলার সেক্রেটারী ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম, কুতুবপুর ইউনিয়নের তদাকারী মাওঃ জাবেরুল ইসলাম, আমির ইমদাদুল হক, সেক্রেটারি পারভেজ হুসাইন এবং রামদাসপুর ওয়ার্ড সভাপতি তাছিরুল ইসলামসহ ইউনিয়নের নেতৃবৃন্দ। এ দিকে মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের আলমপুর গ্রামে জামায়াতে ইসলামী সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার রাত ৮টায় আলমপুরে আয়োজিত সভায় সভাপতিত্ব করেন শ্যামপুর ইউনিয়ন আলমপুরের রেজাউল করিম। প্রধান অতিথি হিসেবে ছিলেন জেলা জামায়াতের ইসলামী আমীর মাওলানা তাজউদ্দিন খান। বিশেষ অতিথি ছিলেন জেলা জামায়াতে ইসলামী নায়েবে আমীর মাহবুল উল আলম, মেহেরপুর জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, সদর উপজেলা আমীর সোহেল রানা, শ্যামপুর ইউনিয়ন আমীর মাওলানা মফিজুর রহমান এবং অন্যান্য নেতাকর্মীরা। সভায় সঞ্চালনা করেন শ্যামপুর ইউনিয়ন তারবিয়াতে সেক্রেটারি সায়োদুল।

## নির্বাচনের আগে জাতীয় পার্টির

(প্রথম পৃষ্টার পর)

পার্টির ব্যাপারে ফয়সালা না হয়ে যদি নির্বাচনে যাই, তাহলে আমাদের জন্য শনির দশা অপেক্ষা করছে। এই জাতীয় পার্টির মাধ্যমেই আওয়ামী লীগ নির্বাচনে ব্যাঘাত ঘটাতে পারে।" নুর দাবি করেন, ফরিদপুর, মাদারীপুর ও খুলনা-সহ কয়েকটি এলাকায় আওয়ামী লীগ হিসাবে পরিচিত অঞ্চলগুলোতে জাতীয় পার্টি নির্বাচনকে নাশকতার মাধ্যমে আন্তর্জাতিকভাবে কলঙ্কিত করার চেষ্টা করবে। তাই নির্বাচনের আগেই জাতীয় পার্টির ভূমিকাটি নির্ধারণ করা অত্যন্ত জরুরি বলে তিনি মন্তব্য করেন। সভায় একসময় আলোচিত রাজনৈতিক ব্যক্তিত্ব জিএম কাদেরের নাম টেনে নুরুল হক বলেন, সম্প্রতি জিএম কাদেরের এক বক্তব্যের উদাহরণ দেখিয়েছেন তিনি। জিএম কাদের যে মন্তব্য করেছিলেনড়"আওয়ামী লীগ ছাড়া দেশে কোনো নির্বাচন হবে না" তার পর তিনি কীভাবে ঢাকা রাস্তায়, অফিসে বা উত্তরার বাড়িতে উপস্থিত থাকতে পারেন এর বিরোধিতা করেছেন নুর।

নুরুল হক আরও বলেন, গণঅভ্যুত্থানের আকাঙ্ক্ষায় গড়ে উঠা আগামীর বাংলাদেশে হানাহানি, মারামারি ও বিভাজন থাকবে নাড় এটাই তাদের লক্ষ। তিনি বলেন, "আমরা সবাই চাই নির্বাচন যথাসময়ে হোক। তবে যদি নির্বাচন বিলম্বিত হয় বা নির্বাচন নিয়ে সংকট তৈরি হয়, তাহলে এর ফল রাজনীতিকদের জন্যই বিপর্যয়ী হবে।" সভায় অনুষ্ঠানে আরও বক্তারা দেশের গণতান্ত্রিক প্রক্রিয়া, ছাত্র-যুবকদের ভূমিকাসহ আগামীকালীন রাজনীতির রূপরেখা নিয়ে নানা দিক থেকে আলোচনা করেন। তারা সবাই মিলেই বলছেন রাষ্ট্র সংস্কার, বিচারপ্রক্রিয়া ও সময়মতো নির্বাচন নিশ্চিত করাই বর্তমানে সবচেয়ে জরুরি কার্যক্রম।

## মেহেরপুরে গণঅধিকারের

(প্রথম পৃষ্টার পর)

ইসলাম, সাংগঠনিক সম্পাদক মাজেদুল হক, জেলা ছাত্র অধিকার পরিষদের সভাপতি আলমগীর হোসেন, সাধারণ সম্পাদক জাহিদুল ইসলাম, যুব অধিকার পরিষদের জেলা সভাপতি গোলাপ হোসেন ও সাধারণ সম্পাদক তারিকুল ইসলাম। এছাড়াও জেলার বিভিন্ন ইউনিয়নের নেতাকর্মীরা অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। আলোচনা সভায় বক্তারা সংগঠনের আদর্শ ও লক্ষ্য বাস্তবায়নে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান।

## মেহেরপুরে ৩৯ সদস্যবিশিষ্ট সুজন

(প্রথম পৃষ্টার পর)

নির্বাচিত করা হয়েছে। সভায় সভাপতিত্ব করেন গাংনী উপজেলা সুজনের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হক। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলা সুজনের বিদায়ী সাধারণ সম্পাদক সৈয়দ জাকির হোসেন, মেহেরপুরের সিনিয়র সাংবাদিক তুহিন আরণ্য, প্রাক্তন প্রধান শিক্ষক আব্দুর রাজ্জাক, দি হাঙ্গার প্রজেক্টের কর্মকর্তা গিয়াস উদ্দিন এবং সাংবাদিক মুজাহিদ আল মুন্না। নব নির্বাচিত কমিটির অন্যান্য পদে নির্বাচিত হয়েছেন: সহ-সভাপতি: বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হক, আব্দুর রাজ্জাক, আবু সাদাত সায়েম, জানে আলম, মুন্তাকিম বিল্লাহ। যুগ্ম সাধারণ সম্পাদক: আলতাফ হোসেন, জুলফিকার আলী কানন, রফিকুল ইসলাম বকুল, আশহাদুর রহমান। দপ্তর সম্পাদক: বাশারুল ইসলাম, সহ-দপ্তর সম্পাদক মীর শাব্বির হোসেন

সাংগঠনিক সম্পাদক: মাহাবুব আলম, সহ-সাংগঠনিক সম্পাদক ফিরোজ আহামেদ পলাশ, মহাইমিনুর রহমান আবির। অর্থ সম্পাদক: সাইদুর রহমান। মহিলা সম্পাদক: সালমা আফরোজা । প্রচার ও প্রকাশনা সম্পাদক: মীর মাহলায়েল আলী শিশির। শিক্ষা সম্পাদক: শারমিন আক্তার তথ্য ও গবেষণা সম্পাদক: ফারুক হোসেন। আইন সম্পাদক: সেলিম রেজা কল্লোল । বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক: ডা. মানুষ ভাস্কর্য সংস্কৃতি বিষয়ক সম্পাদক: শহিদুল ইসলাম। এছাড়া নির্বাহী কমিটির সদস্য নির্বাচিত হয়েছেন: আফতাব আলী, ওয়াজেদ আলী খান, নাজমা খাতুন, মাহাবুবুল হক পোলেন, নাহিদা রহমান, শহিদুল ইসলাম, শামীম হাসান সোহাগ, এসএম মেহেরাব হোসেন ও মেরিএন সুব্রতা বিশ্বাস।

## ব্রুকের সেঞ্চুরিও রক্ষা করতে পারল

(প্রথম পৃষ্টার পর)

ধাক্কা দেন। এরপর জ্যাকারি ফাউল্কসের ধারাবাহিক বোলিংয়ে বেন ডাকেট ও জো রুট ফিরলেও ইংল্যান্ড চরম চাপে পড়ে, মাত্র ৫ রানে ৩ উইকেট হারায়। ৫ উইকেটের পতনের পর দলটি ৩৩/৫ অবস্থায় নেমে আসে। এই বিপর্যয়ের মধ্যেই লড়াইয়ের প্রতীক হয়ে ওঠেন হ্যারি ব্রুক। মাত্র ৩৬ বলেই হাফ সেঞ্চুরি তুলে নেন তিনি। জেমি ওভারটনের সঙ্গে যৌথভাবে ইনিংস সামলান, ওভারটন ৫৪ বলে ৪৬ রান করে দলকে কিছুটা স্থিতি এনে দেন। তারপরও ইংল্যান্ডের উইকেট পতন চলতেই থাকে। কিন্তু ব্রুক লড়াই চালিয়ে যান লুক উডের সঙ্গে নবম ও দশম উইকেটে ৫৭ রানের জুটি গড়ে। ১৩৫ রানের এক অসাধারণ ইনিংস খেলেন তিনি, যেখানে ছিল ১১টি ছক্কা ও একাধিক চার। দলের সংগ্রহ দাঁড়ায় ২২৩ রানে ৩৫.২ ওভারে। লক্ষ্য তাড়া করতে নেমেও নিউজিল্যান্ড কিছুটা ধাক্কায় পড়েছিল। ব্রাইডন কার্স মাত্র ২ রানের মধ্যে উইল ইয়ং ও কেন উইলিয়ামসনকে আউট করেন। লুক উডের বলে রাচীন রবীন্দ্রা আউট হলে নিউজিল্যান্ড ১২ ওভারে ৬৬/৪ অবস্থায় ধুঁকতে থাকে। কিন্তু ড্যারিল মিচেল ও মাইকেল ব্রেসওয়েল ধীরে ধীরে ম্যাচ নিজেদের হাতে নিয়ে ৯২ রানের গুরুত্বপূর্ণ জুটি গড়ে জয় নিশ্চিত করেন। ফিফটি তুলে নেওয়ার পর ব্রেসওয়েল রানআউট হলেও মিচেল শেষ পর্যন্ত ২৫ বলে ২৭ রানের ক্যামিও খেলে দলকে জয়ে পৌঁছে দেন। ৩৬.৪ ওভারে মিচেলের চার মারার পর নিউজিল্যান্ডকে জয়ের বন্দরে পৌঁছে দেওয়া হয়। এই ফলাফলে সিরিজের প্রথম ম্যাচে নিউজিল্যান্ড নিলো হাতের জয়ে ইংল্যান্ডকে পরাজিত করে ১-০ ব্যবধানে এগিয়ে গেল।

## কুষ্টিয়া সিভিল সার্জন কার্যালয়

(প্রথম পৃষ্টার পর)

হয়ে যায়। যা নিয়ে জেলা জুড়ে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়। বিক্ষোভকারীরা নিয়োগ পরীক্ষা বাতিল, পুনরায় স্বচ্ছভাবে পরীক্ষা আয়োজন এছাড়াও সিভিল সার্জন ও কুষ্টিয়া জেনারেল হাসপাতালের আরএমও হোসেন ইমামের অপসারণ দাবি করেন। এদিকে আন্দোলনের মুখে সিভিল সার্জন কার্যালয় থেকে পরীক্ষার ফলাফল স্থগিত করা হয়েছে।

## ইহসানুন দরবার শরীফে আধ্যাত্মিক

(প্রথম পৃষ্টার পর)

অনুষ্ঠানে মূল আলোচনা করেন হযরত মো. খালেকুজ্জামান আল চিশতী। তিনি কোরআনের সূরা মুমিনুন, সূরা কাহাফ ও সূরা আর-রহমানের আলোকে মানবজীবনের পরিশুদ্ধতা, ধৈর্য ও প্রেমের শিক্ষা ব্যাখ্যা করেন।এছাড়া আলোচনা করেন হযরত মো. শহীদুল ইসলাম, হযরত আব্দুল মুন্নাফ আল চিশতী ও হযরত মো. সিদ্দিকুর রহমান আল চিশতী (ভারপ্রাপ্ত খাদেম)। তাঁদের কণ্ঠে দরুদ ও সাওলাতে মুখরিত হয় দরবারের পবিত্র প্রাঙ্গণ।ওরস উপলক্ষে স্থানীয় ও বহিরাগত শিল্পী-রা হাম ও নাত পরিবেশন করেন। পরে উপস্থিত ভক্ত-অনুরাগীদের মধ্যে সাধুসেবা বিতরণ করা হয়। পুরো অনুষ্ঠানজুড়ে ছিল আধ্যাত্মিক আবেশ, ভক্তি, ভালোবাসা ও আল্লাহর সান্নিধ্যের অপার ছোঁয়া।

ওরস শরীফটি অনুষ্ঠিত হয় মেহেরপুরের কামদেবপুরস্থ ইহসানুন দরবার শরীফে।

## মেহেরপুরে বিএনপির গণসংযোগ

(প্রথম পৃষ্টার পর)

বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি পরিচালিত হয়। বিকেল ৫টায় বুড়িপোতা ইউনিয়নের রাধাকান্ত পুর গ্রামে এবং সন্ধ্যায় শালিকা গ্রামে এ গণ সংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়। তিনি এলাকাবাসীর হাতে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট তুলে দেন এবং স্থানীয়দের সঙ্গে মতবিনিময় করেন। কর্মসূচিতে জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। উপস্থিতদের মধ্যে ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সাবেক সদস্য আলমগীর খান ছাতু, সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, পৌর বিএনপি'র সভাপতি আব্দুল লতিফ, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, বুড়িপোতা ইউনিয়ন বিএনপি'র সভাপতি নাসির উদ্দিন ও সাধারণ সম্পাদক ফরিদ হোসেন। এছাড়াও ৭নং ওয়ার্ডের সভাপতি আমিরুল ইসলাম, সাধারণ সম্পাদক শাহজাহান এবং অন্যান্য স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

## গাংনীতে ভ্রাম্যমাণ আদালতের

(প্রথম পৃষ্টার পর)

ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর সূত্রে জানা গেছে, মূল্যহীন ওষুধ সংরক্ষণের অপরাধে গাড়াবাড়িয়া গ্রামের মেসার্স লাবিব ফার্মেসিকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৩৭, ৫১ ও ৪৫ ধারা অনুযায়ী ২৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে। এছাড়া ভাউচারে সার বিক্রির তথ্য গরমিল পাওয়ায় মেসার্স হক এন্টারপ্রাইজকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে জেলা কৃষি বিপণন কর্মকর্তা তরিকুল ইসলাম, নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ মাহমুদ এবং জেলা পুলিশের একটি টিম উপস্থিত ছিলেন। সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান বলেন, "জনস্বার্থে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। ব্যবসায়ীদের নির্ধারিত মূল্যে পণ্য বিক্রয় ও প্রয়োজনীয় ভাউচার সংরক্ষণে সচেতন থাকতে হবে।"

## মেহেরপুরে সড়ক দুর্ঘটনা নারী নিহত

(প্রথম পৃষ্টার পর)

গুরুতর আহত হন তিনি। স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দিন ঘটনা নিশ্চিত করে বলেন, পুলিশের একটি টিম ঘটনাস্থলে গিয়ে লাশ উদ্ধার করেছে।

## নবজাতকের মায়ের হাতে উপহার

খায়রুল ইসলাম। গতকাল রবিবার (২৬ অক্টোবর ২০২৫) সকালে মেহেরপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসবে জন্ম নেওয়া এক কন্যাশিশুর পরিবারের হাতে জেলা প্রশাসকের পক্ষ থেকে শুভেচ্ছা উপহার প্রদান করা হয়। এ সময় নবজাতকের মা ও পরিবারকে ফুলেল শুভেচ্ছা জানানো হয় এবং শিশুর জন্ম নিবন্ধন সনদও তুলে দেওয়া হয়। ইউএনও মো. খায়রুল ইসলাম বলেন, "মা ও নবজাতকের স্বাস্থ্য সুরক্ষায় নরমাল ডেলিভারি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ বিষয়ে সবাইকে সচেতন ও উৎসাহিত করতে জেলা প্রশাসন এই উদ্যোগ নিয়েছে।" এ সময় মা ও শিশু কল্যাণ কেন্দ্রের চিকিৎসক, নার্স, মাঠকর্মী ও স্থানীয় জনপ্রতিনিধিরা উপস্থিত ছিলেন। জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, সরকারি হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রে স্বাভাবিক প্রসব হলে প্রতিটি নবজাতক ও তার পরিবারকে শুভেচ্ছা উপহার প্রদান অব্যাহত থাকবে। এর মাধ্যমে প্রসবপূর্ব সচেতনতা, চিকিৎসা পরামর্শ ও মাতৃস্বাস্থ্য সুরক্ষা বিষয়ে জনসচেতনতা আরও বৃদ্ধি পাবে।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়
মেহেরপুর সদর,মেহেরপুর।

স্মারক ৪৭.৬২.৫৭৮৭.০০০.১৬.০০০১.২৫.৮৫১

মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও বিএম কলেজের
ম্যানেজিং কমিটি গঠনকল্পে নির্বাচনী তফসিল

সুত্রঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মেহেরপুর এর স্মারক নং- ০৫.৪৪.৫৭৮৭.০০০.৬৪.২৭৭.২৫-১৬৫৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,মেহেরপুর সদর এর ০৫.৪৪.৫৭৮৭.০০০.৬৪.২৭৭.২৫-১৬৫৮ মোতাবেক প্রিজাইডিং অফিসার নিয়োগপ্রাপ্ত হয়ে আমি মোঃ রকিবুল ইসলাম উপজেলা পল্লী উন্নয়ন অফিসার মেহেরপুর সদর , মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও বিএম কলেজের ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে ১।সাধারণ অভিভাবক সদস্য, ২। সংরক্ষিত মহিলা অভিভাবক সদস্য, ৩। সাধারণ শিক্ষক সদস্য, ৪। সংরক্ষিত মহিলা শিক্ষক সদস্য পদে নির্বাচনের জন্য নিম্ন সময়সূচী অনুযায়ী নির্বাচনী তফসিল ঘোষণা করলাম। নির্বাচনে অংশগ্রহণ করতে ইচ্ছুক সকল পদে(ভোটারদের মধ্য থেকে) আগ্রহী প্রার্থীদের বর্ণিত সময় অনুযায়ী অফিস চলাকালীন মনোনয়নপত্র গ্রহণ করে তথ্য পূরণ পূর্বক জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১। সকল শ্রেণীর মনোনয়নপত্র গ্রহণ ও জমাদানঃ ২৭-২৯ 'অক্টোবর- ২০২৫ (সকাল ১০:০০ থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত) সোমবার থেকে বুধবার
স্থানঃ অধ্যক্ষের কার্যালয় মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও বিএম কলেজ।

২। সকল শ্রেণীর মনোনয়নপত্র বাছায়ঃ ৩০/১০/২০২৫ বৃহস্পতিবার বেলা ১১ টা)।
স্থানঃ অধ্যক্ষের কার্যালয় মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও বিএম কলেজ।

৩। সকল শ্রেণীর মনোনয়নপত্র প্রত্যাহারঃ ২/১১/২০২৫, রবিবার, সকাল ১০ টা থেকে বিকাল ৪টা পর্যন্ত।
স্থানঃ অধ্যক্ষের কার্যালয় মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও বিএম কলেজ।

৪। বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশঃ ৩/১১/২০২৫ (সোমবার) বিকাল ৪ টা।
স্থানঃ অধ্যক্ষের কার্যালয় মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও বিএম কলেজ।

৫। নির্বাচনঃ ১০/১১/২০২৫ (সকাল ১০টা থেকে বিরতিহীন ভাবে বিকাল ৪ টা পর্যন্ত।
স্থানঃ অধ্যক্ষের কার্যালয় মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও বিএম কলেজ।

মোঃ রকিবুল ইসলাম
প্রিজাইডিং অফিসার
ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
মেহেরপুর সদর,মেহেরপুর